BGMEA

সার্কুলার নং বিজিএমইএ/কাস/২০২৬/২৫০ তারিখঃ ১৭ সেপ্টেম্বর, ২০২৬

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ সৌর বিদ্যুৎ উৎপাদন সংশ্লিষ্ট প্ল্যান্ট/সিস্টেমে ব্যবহারের জন্য আমদানিকৃত যন্ত্রপাতি ও উপকরণের উপর শুল্ক ও কর অব্যাহতি প্রদান প্রসঙ্গে।**

**সূত্রঃ**

ক) অভ্যন্তরীন সম্পদ বিভাগের এস.আর.ও নং-৩৩৮-আইন/২০২৬/৮৮/কাস্টমস তারিখঃ ১৫/০৯/২০২৬ইং।
খ) অভ্যন্তরীন সম্পদ বিভাগের এস.আর.ও নং-৩৩৯-আইন/২০২৬/৮৯/কাস্টমস তারিখঃ ১৫/০৯/২০২৬ইং।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমান বিশ্বের অস্থির অবস্থার কারণে সমগ্র বিশ্বের ন্যায় বাংলাদেশও জ্বালানী সংকট মোকাবেলা করছে। যার কারণে দেশের অর্থনীতি সংকটপূর্ণ সময় অতিক্রম করছে। এই সংকটকালীন সময়ে দেশের অর্থনীতি গতিশীল রাখতে এবং ভবিষ্যতে টেকসই জ্বালানী ব্যবস্থা নিশ্চিত করতে সরকার বিভিন্ন ধরনের ব্যবস্থা গ্রহন করছে। এর আওতায় সৌর বিদ্যুৎ উৎপাদন সংশ্লিষ্ট প্ল্যান্ট/সিস্টেমে ব্যবহারের জন্য আমদানিকৃত যন্ত্রপাতি ও উপকরণের উপর আরোপিত সকল শুল্ক ও কর (শর্ত সাপেক্ষে) অব্যাহতি প্রদান করে (মূল্য ভিত্তিক ১ (এক) শতাংশ ব্যতিত) সূত্রোক্ত 'ক' ও 'খ' এস.আর.ও জারী করেছে। শুল্ক ও কর অব্যাহতির এই সুবিধা এস.আর.ও জারীর তারিখ থেকে ১৮০ দিন পর্যন্ত কার্যকর থাকবে।

আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এস.আর.ও দুইটি সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

**মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)**
মহা-সচিব

সংযুক্তিঃ
১। 'ক' বর্ণনামতে (০১ পাতা)।
২। 'খ' বর্ণনামতে (০৪ পাতা)।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ১৬, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**[কাস্টমস ও মূল্য সংযোজন কর]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩১ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ/ ১৫ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ৩৩৮-আইন/২০২৬/৮৮/কাস্টমস।**—সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৫ এর উপ-ধারা (১), মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এবং আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, এই বিভাগের ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৫৯-আইন/২০২৬/১৪/ কাস্টমস এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত প্রজ্ঞাপনের ক্ষমতা প্রদান অংশে উল্লিখিত "সমুদয় কাস্টমস ডিউটি, রেগুলেটরি ডিউটি, সম্পূরক শুল্ক, যদি থাকে, আগাম কর এবং ২% (দুই শতাংশ) এর অতিরিক্ত অগ্রীম আয়কর হইতে" শব্দগুলি, সংখ্যা, চিহ্ন ও বন্ধনীর পরিবর্তে "কাস্টমস ডিউটি, যেই পরিমাণ, মূল্য ভিত্তিক ১ (এক) শতাংশ এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ, এবং সমুদয় রেগুলেটরি ডিউটি, মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক, যদি থাকে, আগাম কর ও অগ্রীম আয়কর হইতে" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে এবং জারির তারিখ হইতে ১৮০ (একশত আশি) দিন পর্যন্ত কার্যকর থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আহসান হাবিব**
ভারপ্রাপ্ত সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ও
ভারপ্রাপ্ত চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক (উপসচিব) , বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, সেপ্টেম্বর ১৬, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩১ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ/১৫ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ৩৩৯-আইন/২০২৬/৮৯/কাস্টমস।**—সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৫ এর উপ-ধারা (১), মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এবং আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, নবায়নযোগ্য সৌর বিদ্যুৎ উৎপাদন ও সরবরাহের লক্ষ্যে নিম্নরূপ বিধান করিল, যথা:—

১। কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর আরোপণীয় কাস্টমস ডিউটি, যেই পরিমাণ, মূল্য ভিত্তিক ১ (এক) শতাংশ এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ, সমুদয় মূল্য সংযোজন কর, রেগুলেটরি ডিউটি, সম্পূরক শুল্ক, যদি থাকে, আগাম কর এবং অগ্রীম আয়কর হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, অব্যাহতি প্রদান করা হইল, যথা:—



মূল্য : টাকা ৮·০০

TABLE

| Heading | H. S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 73.08 | 7308.90.99 | Mounting Structure (Steel) |
| 76.10 | 7610.90.90 | Mounting Structure (Aluminum) |
| 85.01 | 8501.71.00<br>8501.72.10<br>8501.72.20<br>8501.72.30<br>8501.72.40 | Photovoltaic DC generators (panels of photo cells combined with apparatus such as lithium storage batteries, voltage regulators , inverters etc. and panels or modules equipped with elements such as diodes) |
| 85.01 | 8501.80.10<br>8501.80.20<br>8501.80.30<br>8501.80.90 | Photovoltaic AC generators (panels of photo cells combined with apparatus such as lithium storage batteries, voltage regulators , inverters etc. and panels or modules equipped with elements such as diodes) |
| 85.04 | 8504.40.40 | Solar Inverter |
| 85.37 | 8537.10.90<br>8537.20.00 | Battery Management System |
| 85.37 | 8537.10.90<br>8537.20.00 | SCADA/Plant Monitoring or Control System |
| 85.41 | 8541.43.00 | Solar Photovoltaic Module/panel |
| 90.32 | 9032.89.00 | Battery Thermal Management System |

**শর্তাবলি**

(ক) এই প্রজ্ঞাপনের অধীন অব্যাহতি সুবিধা গ্রহণের লক্ষ্যে আমদানিকারক-কে VAT Compliant আমদানিকারক প্রতিষ্ঠান হইতে হইবে;

**ব্যাখ্যা।**—এই অনুচ্ছেদের উদ্দেশ্যপূরণকল্পে,—

**"VAT compliant"** প্রতিষ্ঠান অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন নিবন্ধিত এবং উক্ত আইনের ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করে এইরূপ আমদানিকারক প্রতিষ্ঠান;

(খ) সোলার প্যানেল এবং Photovoltaic Generator এর অংশ হিসাবে আমদানিকৃত লিথিয়াম ব্যাটারি সম্পূর্ণ নূতন মর্মে Manufacturer's Certificate থাকিতে হইবে এবং উহা শুল্কায়নকালে দাখিল করিতে হইবে;

(গ) Photovoltaic Generator এর অংশ হিসাবে আমদানিকৃত লিথিয়াম ব্যাটারি IEC- 62619:2022 স্ট্যান্ডার্ডের হইতে হইবে যাহার সপক্ষে আন্তর্জাতিকভাবে স্বীকৃত (Accredited) কোনো সংস্থা বা ল্যাবরেটরি কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র শুল্কায়নকালে দাখিল করিতে হইবে;

(ঘ) আমদানিকৃত পণ্য কেবল সৌর বিদ্যুৎ উৎপাদন সংশ্লিষ্ট প্ল্যান্ট/সিস্টেম তৈরির ক্ষেত্রে বিক্রয় বা সরবরাহ করা হইবে মর্মে আমদানিকারক প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/চেয়ারম্যান এবং Bangladesh Sustainable and Renewable Energy Association (BSREA) এর প্রেসিডেন্ট/সাধারণ সম্পাদক কর্তৃক **পরিশিষ্ট** অনুযায়ী যৌথভাবে স্বাক্ষরিত অংগীকারনামা শুল্কায়নকালে সংশ্লিষ্ট কাস্টমস হাউস বা কাস্টমস স্টেশনে দাখিল করিতে হইবে; এবং

(ঙ) আমদানি ও শুল্কায়ন সংক্রান্ত অন্যান্য বিষয়সহ উপরি-বর্ণিত শর্তসমূহ পরিপালন করা হইয়াছে কি না তাহা সংশ্লিষ্ট শুল্কায়নকারী কর্মকর্তা কর্তৃক যাচাই করিয়া নিশ্চিত হইতে হইবে এবং শুল্কায়ন তত্ত্বাবধানকারী সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনার পর্যায়ে শুল্কায়ন অনুমোদন করাইতে হইবে।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে এবং জারির তারিখ হইতে ১৮০ (একশত আশি) দিন পর্যন্ত কার্যকর থাকিবে।

**পরিশিষ্ট**

**[শর্তাবলির শর্ত (ঘ) দ্রষ্টব্য]**

**অঙ্গীকারনামা**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে,.................................................................................. মেসার্স............................................................................................ (প্রতিষ্ঠানের নাম ও সম্পূর্ণ ঠিকানা) এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, আমার ঋণপত্র নং............................................তারিখ............................ ইনভয়েস নং........................তারিখ:...............................এর মাধ্যমে আমদানিকৃত পণ্য চালান কেবল সৌর বিদ্যুৎ উৎপাদন সংশ্লিষ্ট প্ল্যান্ট/সিস্টেম তৈরির ক্ষেত্রে বিক্রয় বা সরবরাহ করা হইবে। উহার কোনো ব্যত্যয় হইলে আমদানিকৃত উক্ত পণ্যের উপর প্রযোজ্য হারে শুল্ক ও কর পরিশোধ ব্যতীতও কাস্টমস আইন, ২০২৩ এর অধীন শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত অন্য যে কোনো শাস্তিমূলক ব্যবস্থা মানিয়া লইতে বাধ্য থাকিব।

১। স্বাক্ষর:................................
আমদানিকারক প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ প্রধান নির্বাহী কর্মকর্তা/ ব্যবস্থাপনা পরিচালক/চেয়ারম্যান এর নাম, স্বাক্ষর ও সীল................................
মোবাইল নম্বর:....................................
প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা:....................

২। স্বাক্ষর:....................................
Bangladesh Sustainable and Renewable Energy Association (BSREA) এর প্রেসিডেন্ট/সাধারণ সম্পাদক এর নাম, স্বাক্ষর ও সীল:...........................

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আহসান হাবিব**
ভারপ্রাপ্ত সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ও
ভারপ্রাপ্ত চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd